SAMARTHAKOSHA.

BENGALI AND ENGLISH DICTIONARY.

VOL. I.

সমর্থকোষ।

বাঙ্গালা ও ইংরাজী অভিধান

এবং

গার্হস্থ্য-দর্পণ বা দ্রব্যগুণাভিধান ও পৌরাণিক চরিতাভিধান।

(বিবিধ প্রসিদ্ধ ইংরাজী, বাঙ্গালা ও সংস্কৃত শব্দার্থবোধক গ্রন্থাবলম্বনে সঙ্কলিত)

প্রথম খণ্ড।

কলিকাতা, শোভাবাজার রাজবাটী হইতে

শ্রীঅনুপকৃষ্ণ মিত্র সঙ্কলিত ও প্রকাশিত।

কলিকাতা,

সমর্থকোষ কার্য্যালয়।

সন ১৩০৭ সাল।

INDEX.

Abbreviation		Meaning
a.	...	Stand for adjective.
ad.	...	Adverbs.
Agric.	...	Agriculture.
Amer.	...	America, American.
Anat.	...	Anatomy.
Anc.	...	Ancient, anciently.
Antiq.	...	Antiquities.
Ar.	...	Arabic.
Arch.	...	Architecture.
Arith.	...	Arithmetic.
Armor.	...	Armorican.
A-S.	...	Anglo-Saxon.
Astrol.	...	Astrology.
Astron.	...	Astronomy.
Bank.	...	Banking.
Bib.	...	Biblical.
Bohem.	...	Bohemian.
Bot.	...	Botany.
Braz.		Brazelian.
Burl.	...	Burlesque.
Carp.	...	Carpentary.
Catal.	...	Catalanean.
Celt.	...	Caltic.
Cf.	...	*Cenfer* (compare.)
Chald.	...	Chaldee.
Chem.	...	Chemistry.
Chin.	...	Chinese.
Chron.	...	Chronology.
Civ.	...	Civil.
Colloq.	...	Colloquial, colloqually
Com.	...	Commerce.
Comn.	...	Common.
Comp.	...	Compound.
Compar.	...	Comparative.
Conch.	...	Conchology.
conj.	...	conjunction.
Con. Sect.	...	Conic. Sections.
Contr.	...	Contracted, contraction.
Corn.	...	Cornish.

Abbreviation		Meaning
Corrupt.		Stand for Corrupted, corruption.
Copt.	...	Coptic.
Crystallog.	.	Crystallography.
D.	...	Dutch.
Dan.	...	Danish.
dim.	...	diminutive.
Dom. Econ.	.	Domestic Economy.
Dyn.	...	Dynamics.
Eccl.	...	Ecclesiastical.
Eccl. Hist.	..	Ecclesiastical History.
e. g.	...	*exampli gratia* (for example).
Egypt.	...	Egyptian.
Elec.	...	Electricity.
Eng.	...	England, English.
Engin.	...	Engineering.
Entom.	...	Entomology.
equiv.	...	equivalent.
esp.	...	especially.
Etym.	...	Etymology.
f.	...	feminine.
Far.	...	Farriery.
Feud.	...	Feudal.
Fig.	...	Figurative, figuratively.
Finn.	...	Finnish.
Fort.	...	Fortification.
fr.	...	from.
Fr.	...	Frech.
Freq.	...	Frequentative.
Fries.	...	Friesic.
fut.	...	future.
Gael.	...	Gaelic.
Galv.	...	Galvanism.
Gen.	...	Generally, genitive.
Geog.	...	Geography.
Geol.	...	Geology.
Geom.	...	Geometry.
Ger.	...	German.

Abbreviation		Meaning
Goth.	...	Stand for Gothic.
Gr.	...	Greek.
Gram.	...	Grammar.
Gris.	...	Grisons.
Gun.	...	Gunnery.
H.	...	High.
Heb.	...	Hebrew.
Her.	...	Heraldry.
Herp.	...	Herpetology.
Hind.	...	Hindustani.
Hist.	...	History.
Host.	...	Horticulture.
Hung.	...	Hungarian.
Hydraul.	..	Hydraulics.
Hydros.	...	Hydrostaties.
Hypoth.	...	Hypothetical.
Ichth.	...	Ichthyology.
Icel.	...	Icelandic.
i.e.	...	*id est* (that is).
imp.	...	imperfect.
inf.	...	infinitive.
intens.	...	intensive.
interj.	...	interjection.
Ion.	...	Ionic.
I. q.	...	*idem quod* (the same as).
Ir.	...	Irish.
It.	...	Italian.
Jav.	...	Javanese.
Join.	...	Joinery.
L.	...	Law.
Lapp.	...	Lappesh.
Lat.	...	Latin.
Lett.	...	Lettish.
Lit.	...	Literally.
M.	...	Middle.
m.	...	masculine.
Mach.	...	Machinery.
Malay.	...	Malayan.
Manuf.	...	Manufacturing.

Mari.	...	Stand for Maritime.
Math.	...	Mathematics.
Mach.	...	Machanics.
Med.	...	Medicine.
Metal.	...	Metallurgy.
Metaph	...	Metaphysics.
Meteor.	...	Meteorology.
Mil.	...	Military
Min.	...	Mineralogy.
Mus.	...	Music.
Myth.	...	Mythology.
N.	...	New.
n.	...	Noun.
Net. Hist.	...	Natural History.
Nat. ord.	...	Natural order.
Naut.	...	Nautical.
neut.	...	neuter.
Norm. Fr.	...	Norman French.
Norw.	...	Norwegian.
O.	...	Old.
Obs.	...	Obsolete.
Oph.	...	Optics.
Orig.	...	Originally.
Omith.	...	Ornithology.
p.	...	Participle.
p. a.	...	Participal adjective.
Paint.	...	Painting.
Paleon,	..	Paleontology.
pass	...	passive.
Pathol.	...	Pathology.
Per.	...	Stand for Persian.
perh.	...	Perhaps.
pers.	...	Person.
Peruv.	...	Peruvian.
P.g.	...	Portuguese.
Philos.	...	Philosophy.
Photog.	...	Photography.
Phren.	...	Phrenology.
Physiol.	...	Physiology.
Pl.	...	Plural.
Poet.	...	Poetical, poetry.
Pol.	...	Polish.
Polit. Econ.		Political Economy.
p.p,	...	Past participle.
p. pr.	...	Participle present.
pref.	...	prefix.
prep	...	preposition.
Print.	...	Printing.
Priv.	...	Privative.
pron.	...	pronoun.
Pros.	.	Prosody.
Prov.	...	Provincial.
q. v.	...	*quod vide* (which see).
Rhet.	...	Rhetoric.
Rom.	...	Roman.
Rom. Cath.		Roman Catholic.
Russ.	...	Russian
Sam.	...	Samaritan.
Sans.	...	Sanskrit.
Sax.	...	Stand for Saxon.
Scot.	...	Scottish.
Script.	...	Scripture, scriptural.
Sculp.	...	Sculpture.
sing.	...	singular.
Slav.	...	Slavonic.
S. p.	...	Spanish.
Stat.	...	Statuary.
Superl.	...	Superlative.
Surg.	...	Surgery.
Surv.	...	Surveying.
Sw.	...	Swedish.
Syn.	...	Synonyms.
Synop.	...	Synopsis.
Syr.	...	Syriae.
Theol.	...	Theology.
Trans.	...	Translation.
Turk.	...	Turkish.
Typog.	...	Typography.
Up.	...	Upper.
U. S.	...	United States.
v.	...	verb.
vb. n.	...	Verbal Noun.
v. i.	...	Verb intransitive.
v. t.	...	Verb transitive.
W.	...	Welsh.
Zool.	...	Zoology.

অক (ক্রি) বক্রগমন করা To walk crookedly.

অকচ (পুং) নেড়া A bald head, পৃথিবীর ছায়া earth's shadow.

অকটাক্ষ (ত্রিং) এক দৃষ্টে চাহিয়া দেখা Staring.

অকঠিন (বিং) কোমল, নরম Soft.

অকপট (বিং) সরল Innocent, frank.

অকম্প (বিং) স্থির Calm.

অকরণি (পুং) শাপ Curse.

অকরণীয় (বিং) হইতে পারে না Unfit, অনুপযুক্ত not applicable.

করা (স্ত্রী) আমলকী A tree and its fruit, the best of all Indian fruits medical qualities as said adian physicians.

য় Cruel, unkind.

কালা Deaf.

যাগ্য Unfit

-nothing,

Lumber.

খাদ্রব্যাদি

Abbreviate, *v. t.* To shorten সংক্ষেপ করা, খাট করান।

Abbreviation, *n.* Act of abridgig সংক্ষেপ, একদেশ গ্রহণ।

Abdicate, *v. t.* To resign an offi কর্ম্ম বা পদ ত্যাগ করা।

Abdication, *n.* Resign[illegible] পদত্যাগ।

Abditory, *n.* A place for preserving goods মালামাল রাখিবার স্থান

Abdomen, *n.* The lo[illegible] part of belly তলপেট, বস্তি

Abduce, *v. t.* To separate [illegible]

Abecedarain, *n.* A teacher of [illegible] Alphabet বর্ণমালা শিক্ষক।

Abed, *ad.* In bed শয্যাপরে।

Abele-tree, *n.* The white poplar বৃক্ষ বিশেষ।

Aber, *n.* The mouth of a river নদীমুখ।

Aberrance, *n.* A deviation from the right way বিপথ গমন, an error ভ্রান্তি।

Abet. *v. t.* To aid সহায়তা করা।

[illegible] encou[illegible]

সেই বকপুষ্পের গুণ পরীক্ষা করিয়া এদেশীয় চিকিৎসকেরা বলেন, বকফুলের রস চক্ষে দিলে, রাত্র্যন্ধ ব্যক্তির বিশেষ উপকার দর্শে। যেমন গোলাপ জলের ফোঁটা চক্ষে দেওয়া যায়, সেইরূপ উক্ত [illegible]লের রস চক্ষুর পাতার [illegible] প্রলেপ দিতে হইবে, এবং ফোঁটা মাত্র চক্ষের মধ্যে [illegible] এই ফুলের রসে শীতল গুণ থাকায় চক্ষু রোগে মহোপকারী।

এই চন্দনের প্রলেপ

। আরোগ্য হয়। কফ

বিনষ্ট করে; ইহা

ও তিক্ত।

ধান্য। অঙ্কুর বা

এই ধান্যের গু

নবদ্ধকারী, কষায়

পক ও তৃষ্ণা বৃদ্ধি

ৎপন্ন খাদ্যদ্রব্য—

কর দৃষ্টির পক্ষে দোষ-

গুরুপাক; দাহন,

পত্ত বৃদ্ধিকারী।

গুণ—অধিক গরমাম

করিলে বলহীন করে,

ঘর্ম্ম বৃদ্ধি করিয়া

নিত শুক্র সঞ্চারে বিঘ্ন হয়

ন্তু গরমান্নের গুণ শীতল

অকিঞ্চিৎ (বিং) তুচ্ছ, সামান্য Trifling.
অকিল্বিষ (বিং) নিষ্পাপ Pure, truthful.
অকীর্ত্তি (স্ত্রী) দুর্নাম Blame.
অকুটিল (বিং) সরল Frank. [fearless.
অকুতোভয় (বিং) নিঃশঙ্ক, নির্ভয় Bold,
অকুৎসিৎ (বিং) সুন্দর Beautiful.
অকুণ্ঠ (বিং) অক্ষুব্ধ Pleased.
অকুপিত (বিং) শান্ত Mild. [silver.
অকুপ্য (স্ত্রী) স্বর্ণ, রৌপ্য Gold and
অকুল (পুং) নীচবংশ Low generation.
অকুলন (ক্লীং) অভাব Want.
অকুলীন (বিং) কুলমর্য্যাদাহীন, ইতর A commoner.
অকুশল (বিং) অমঙ্গল Ill-omened.
অকুশলরূপে কর্ম্ম করা (ক্রিং) Bungle.
অকূট (বিং) অকৃত্রিম Real.
অকূপার (পুং) সাগর An ocean.
অকূল (বিং) অপার Vast, shoreless.
অকূলপাথার (ক্লীং) মহাবিপদ Danger.
অকৃত (বিং) অসম্পন্ন Unfinished.
অকৃতকার্য্য (বিং) নিষ্ফল Unsuccessful.
অকৃতজ্ঞ (বিং) কৃতঘ্ন Ungrateful.
অকৃতদার (বিং) অবিবাহিত পুরুষ A bachelor.
অকৃতাপরাধ (বিং) নিরাপরাধ Guiltless.
অকৃত্রিম (বিং) যথার্থ Authentic.
অকৃপ (বিং) নির্দ্দয় Cruel.
অকৃপণ (বিং) অকাতরে ব্যয়কারী Prodigal.
অকৃষ্টকর্ম্মা (বিং) নিষ্পাপ Holy.
অকোট (পুং) সুপারি গাছ The nut-tree.
অকোবিদ (বিং) মূর্খ Fool.
অকৌশল (পুং) অপ্রণয় Disaffection.
অক্কা (স্ত্রী) মাতা, জননী Mother.
অক্ত (বিং) মিশ্রিত Mixed.
অক্রম (পুং) বিশৃঙ্খলতা Irregularity.
অক্রুদ্ধ (বিং) রোষহীন Unprovoked.
অক্রুর (পুং) শ্রীকৃষ্ণের পিতৃব্য The Uncle of Krishna, (বিং) খলতাশূন্য innocent.
অক্লান্ত (বিং) শ্রান্তিহীন Untired.
অক্লিকা (স্ত্রী) নীলগাছ The indigo plant.
অক্লীব (বিং) ধৈর্য্যশালী Patient.
অক্লেশে ধারণ করা (ক্রিং) সহজে ধর! Wield.

Ablaquate (ab-la-kuat) *v. t.* To lay bare খোলা রাখা।
Ablativ, *a.* Taking away, applied to th sixth case of Latin nouns স্থানান্তরিতকারী, লাটিনভাষায় ষষ্ঠ কারকঅপাদান সম্বন্ধীয়।
Able, *a* Skilful, capable যোগ্য।
Ablebodied, *a.* Powerful বলবান।
Ablegat, *v. t.* To send away abroad দূরদেশে প্রেরণ করা।
Ablepsy(ab-lip-se) *n.* Blindness অন্ধতা
Ablocate,*v t.* To let out, to hire ভাড়া দেওয়া।
Abluent, *a.* Having the power of cleansing ধৌত করণ শক্তিযুক্ত।
Abnegate, *v. t.* To deny অস্বীকার করা।
Abnormous, *a.* Vast, huge প্রকাণ্ড।
Aboard, *ad.* In or on board the ship জাহাজেরমধ্যে বা উপরে।
Abode, *n.* Dwelling place বাসস্থান।
Abolish, *v. t.* To repeal রহিত করা।
Abolition, *n.* Act of abolishing লোপ।
Abominable, *a.* Hateful ঘৃণিত।
Abominate, *v. t.* To abhor ঘৃণা করা।
Aborigines, *n.* Original inhabitants of a county কোন দেশের আদিম নিবাসী।
Abortion, *n* Untimely birth গর্ভপাত, গর্ভস্রাব।
About, *pre.* Round. (*ad.*) Everyway, near to চতুর্দ্দিকে, সমীপে, প্রায়, সম্বন্ধে।
Above, *pre.* Higher in place than, (*ad.*) overhead উপরে, উর্দ্ধে।
Abrade, *v. t.* To rub off, to waste by degrees ক্রমেক্রমে কমান।
Abreast, *ad.* Side by side পাশাপাশি।
Abridge, *v. t.* To shorten সংক্ষেপকরা।
Abridgment, *n.* A summary সংক্ষেপ।
Abroad, *ad.* In foreign countries বিদেশে, out doors বাহিরে।
Abrogate, *v. t.* To abolish রহিত করা।
Abrogation, *n.* Act of seting aside লোপ।
Abrupt, *a.* Sudden হঠাৎ।

অধম-মাংস। পচা, শুষ্ক অর্থাৎ শুট্‌কি, বিষাক্ত অর্থাৎ সর্প দ্বারা হত, অস্ত্রাদি দ্বারা বিদ্ধ, ব্যাধিগ্রস্ত অর্থাৎ পীড়িত জন্তুর মাংস, পাকা, কৃশ ও নিতান্ত কচি প্রভৃতি মাংসকে অধম মাংস কহে। শুষ্ক অর্থাৎ শুট্‌কি ও পচামাংসের গুণ—গুরুপাক, অরুচিকর ও সর্দ্দি বৃদ্ধিকারক। বিষাক্ত অর্থাৎ সর্প দ্বারা হত জীবের মাংসের গুণ—বিষময়, ভোজন করিলেই মৃত্যু শঙ্কা। অস্ত্রাদি দ্বারা বিদ্ধ ও পীড়িত জন্তুর মাংসে ত্রিদোষোৎপত্তি হয়। পাকা বা জীর্ণ মাংস ভক্ষণে কাস ও শ্বাস রোগের সঞ্চার হয় এবং কচি মাংসে কফ বৃদ্ধি করে ও কৃশ মাংসে বায়ু কুপিত হয়। কেবল উক্ত অধম মাংসাহারে নিষেধ করা যায়, কিন্তু উত্তম মাংসাহারে বিধি বিজ্ঞানে ব্যবস্থাও উত্তম আছে। চতুষ্পদ জন্তুদিগের মধ্যে স্ত্রীজাতির অর্থাৎ মাদির মাংস উত্তম কিন্তু এদেশে অনেক সে বিচার মতে চলেন না। ছাগ মাংস ভক্ষণ কালে কেহ মাদি অর্থাৎ পাঁটি বা বক্‌রির মাংসাহার করেন না, পাঁটাই ভক্ষ্য ভোজ্যের মধ্যে

অখণ্ডন (ক্লীং) কাল Time, অনিবারণ unobstructed.
অখণ্ডনীয় (বিং) যাহা নিবারণ করা যায় না Unobstructed
অখণ্ডিত (বিং) সম্পূর্ণ Complete.
অখনন (বিং) খোঁড়া নহে Undigged.
অখর্ব্ব (বিং) লম্বা Tall.
অখাত (পুং) দেবখাত, সমুদ্রের অংশ বিশেষ A part of an ocean.
অখ্যাতি করা (ক্রিং) নিন্দা করা Decry.
অখিল (বিং) সকল Universal, all.
অগ (পুং) পর্ব্বত A mountain, বৃক্ষ a tree, সূর্য্য the sun, অটল immovable.
অগই (পুং) ফলবান বৃক্ষ বিশেষ A fruitful tree.
অগচ্ছ (পুং) বৃক্ষ A tree, পর্ব্বত a hill.
অগঠিত (বিং) অনির্ম্মিত Unformed.
অগণনীয় (বিং) অসংখ্য Innumerable.
অগণ্য (বিং) অসংখ্য Countless.
অগত (বিং) বিদ্যমান Present.
অগতি (বিং) আশ্রয়হীন Helpless.
অগত্যা (ক্রিং, বিং) সুতরাং Consequently.
অগদ (পুং) ঔষধ Medicine.
অগদকার(অগদ-কার—পুং) বৈদ্য A physician.
অগদ্য (ক্লীং) কবিতা Poetry, harmony.
অগভীর (বিং) গভীর নহে Not deep, খালা নয় shallow.
অগম (পুং) বৃক্ষ A tree, পর্ব্বত a mountain, (বিং) অগম্য impassable.
অগম্যতা (অগম) অপমান Insult.
অগবী (স্ত্রী) বৃক্ষ বিশেষ, দেবতাড় বৃক্ষ A tree.
অগরু (ক্লীং) চন্দন বিশেষ Sandal wood.
অগর্হিত (বিং) নির্দ্দোষ Blameless.
অগলগ্রহ (বিং) নিরাপদ Free.
অগস্তি (পুং) বকবৃক্ষ A flowered tree.
অগস্ত্যমুনি (পুং) বিখ্যাত মুনিবিশেষ A famous Rishi.
অগাত্মজা (স্ত্রী) পার্ব্বতী Parbbati the Goddess of arms and the wife of Siva.
অগাধ (পুং) অতলস্পর্শ Fathomless.
অগাধ-জল (বিং) গভীর জল Deep water.

Abruptly, *ad.* Suddenly অক্স্মাৎ।
Abscess, *n.* A tumour cntaining matter ফোড়া, ব্রণ।
Abscind, *v. t.* To cut off কটা।
Abscissa, *n.* One of the elments of reference by which a pnt is referred to a system of fid rectilineal co-ordinate axes ক্ষেত্র পরিমাণ বিদ্যার রেখার অংশ বিশে।
Abscission, *n.* Act of atting of কর্ত্তন করণ।
Abscond, *v. t.* To secretone's self গুপ্ত হওন।
Absconder, *n.* The erson who absconds পলাতক।
Absence, *n.* Inattentio অন্যমনস্কতা, a state of being withdwn from a place or company অনুপস্থিতি।
Absent, *a.* Not preset অনুপস্থিত, অনাগত, গরহাজির।
Absist, *v. i.* To cease ক্ষ হওয়া, থামা to leave off ত্যাগ কং।
Absolve, *v. t.* To set fie মুক্ত করা।
Absolute, *a.* Completeসম্পূর্ণ।
Absolutely, *ad.* Positely নিতান্তই।
Absolution, *n.* Acquial মুক্তি।
Absorb, *v. t.* To drinkin, to imbibe as a sponge, to egage wholly শোষণ করা, গ্রাস করা
Absorbent, *n.* A sultance or bodily organ which bsorbs শোষক ইন্দ্রিয় বা বস্তু।
Absorpt, *p. a.* Swalloed up গ্রাসিত।
Abstain, *v t.* To refrin from নিবৃত্ত হওয়া।
Abstemious, *a.* Temerate পরিমিতাচারী।
Abstergent, *a.* Detegent, serving to cleanse পরিষ্কারক।
Abstinence, *n.* Tmperence পরিমিতাচার।
Abstinent, *a* Refaining from indulgence, especiy in the use of food and drink পরিমিতাচারী।
Abstract, *v. t* T draw from or separate সার সংগ্রহ করা।

গণ্য। তবে যাবনিক আচার ব্যবহারে এরূপ বিধি নাই; যবনেরা মাদি অর্থাৎ বকরির মাংস খাইয়া থাকে। উত্তম মাংসের গুণ প্রকাশ কালে সমস্ত বিবৃত হইবে।

অনুপান-বিজ্ঞান। ঔষধের বা আহারের সঙ্গে বা পরে ব্যবস্থা মতে যাহা পান বা আহার করা যায় তাহাই অনুপান। অনুপান এক রকম নয়, কাহার পক্ষে অম্ল, কাহার পক্ষে মধুর এবং কাহার পক্ষে এই উভয় রসই তৃপ্তিকর; পরিষ্কার পাত্রের পরিষ্কার জল সর্ব্ব প্রকার অনুপানের মধ্যে শ্রেষ্ঠ। চিকিৎসকেরা ব্যাধি ও কাল নির্ণয় করিয়া মাত্রানুসারে অনুপানের ব্যবস্থা করেন, কিন্তু সকল বয়সের ব্যক্তির পক্ষে সরস অনুপান ব্যবস্থা আছে। তৈলাক্ত দ্রব্য সেবনে গরম জল অনুপান নির্দ্দিষ্ট আছে, আবার কেহ কেহ অম্ল বা কাঁজি ব্যবস্থা করেন। মদ্য পীড়িত বা বিষপায়ী লোকের পক্ষে শীতল জল অনুপান; মধু এবং মিষ্টান্ন ভোজনের পক্ষে দধি অনুপান ব্যবস্থেয়। কেহ কেহ মিষ্টান্ন ভোজনকারীর

অগার(স্ত্রী,অগ-ক-অন)বাসস্থান Habitation.
অগিন (স-পুং, অগ-ইন) সূর্য্য the sun.
অগির (অগ-পুং) অগ্নি Fire, সূর্য্য the sun, রাক্ষস a sphinx; a demon [attributes.
অগুণ (বিণ) মন্দ Bad, গুণহীন void of
অগুরু (পুং) শিংশপাবৃক্ষ Sisoo tree, সুগন্ধি কাষ্ঠ বিশেষ sandal wood.
অগুরু (বিণ) লঘু Light.
অগুপ্ত (বিণ) প্রকাশ্য Public; unhidden.
অগুঢ়গন্ধ (ক্লী) হিং Asafœtida.
অগুঢ়ভাব (বিণ) সরল; অখল Innocent.
অগো (অব্য) সম্বোধনার্থে অব্যয় শব্দ Eh, an expression of enquiry.
অগোচর (বিণ) অজ্ঞাত Imperceptable covert, unseen. (ক্লী) ব্রহ্ম God.
অগৌকস (পুং; অগ-ওকস) সিংহ A lion, পক্ষী বিশেষ a kind of bird.
অগোণে (ক্রি. বিণ) শীঘ্র Quick.
অগ্নায়ী (স্ত্রী, অগ্নি ঐপ্) অগ্নিভার্য্যা The wife of the fire, ত্রেতাযুগ the second *Yuga.*
অগ্নি (পুং, অনগ-নি) আগুন,বহ্নি,অনল Fire উদ্ভিদ বিশেষ a plant, পিত্ত bile, স্বর্ণ gold
অগ্নিউসকাইবার শলাকা (ক্লী) Poker
অগ্নিক (পুং) রক্তবর্ণ কীট বিশেষ A red worm.
অগ্নিকণ (পুং) স্ফুলিঙ্গ Flame.
অগ্নিকল্প (বিণ) অগ্নিসম উষ্ণ Firehot
অগ্নিকার্য্য (স্ত্রী) শবদাহ Funeral
অগ্নিকাষ্ঠ (ক্লী) অগুরু কাষ্ঠ Sandal wood. (*Agallochum*)
অগ্নিকুকুট (পুং) জ্বলন্তমুড়া Blazing fagot
অগ্নিকুমার (পুং) ক্ষুধাবৰ্দ্ধক ঔষধ A medicine for appetite.
অগ্নিকোণ (পুং) পূর্ব্বদক্ষিণ কোণ South-East.
অগ্নিক্রীড়া (স্ত্রী) অগ্নিদ্বারা খেলা, আতসবাজী Fireworks, pyrotechny.
অগ্নিগর্ভ (পুং) অগ্নিজার বৃক্ষ; মহা জ্যোতিষ্মতী বৃক্ষ Fireborn tree; সূর্য্যকান্তমণি, আতসী পাথর a burning glass.
অগ্নিজ (পুং) অগ্নিজার বৃক্ষ Fireborn tree, a kind of medicine বিষ্ণুর নামান্তর a name of Vishnu. (বিণ) অগ্নিজাত Fire-born.

Abstract *n.* An epitome সারোদ্ধার।
Abstraction *n.* Act of abstracting বিভিন্নতা, সার সংগ্রহ করণ।
Abstractive *a.* Having the power of abstracting পৃথককরণ শক্তিবিশিষ্ট।
Abstruse *a.* Thrust away, difficult to be understood দুর্বোধ, নিগূঢ়।
Absurd *a.* Contradictory, opposed to manifest truth অসঙ্গত, বিরোধী।
Absurdity *n.* The quality of being absurd অসঙ্গতা, অসম্ভাবনা।
Abundance *a.* Plenty বাহুল্য।
Abuse *v. t.* To revile, to make an improper use of কুব্যবহার করা।
Abusive *a.* practising abuse নিন্দিত।
Abut *v. i.* To terminate, to meet নিকটবর্ত্তী হওয়া, যুক্ত হওয়া।
Abutment *n.* The solid part of a wall, that in which a thing abuts যাহাতে কোন বস্তু যুক্ত থাকে।
Abyss *n.* A bottomless depth অতলস্পর্শ গভীর স্থান, a gulf, a hell নরক।
Acacia (ak-ka-sha) *n.* A genus of leguminus shrubs and throns মটর সদৃশ বীজযুক্ত কণ্টবৃক্ষ।
Academy *n.* school or seminary where arts and sciences are taught. A garden near Athens, originally belonged to a person named Academus, where Plato and his followers held the philosophical discussion বিদ্যালয়, চতুষ্পাঠী।
Acanthus *n.* Prickly plants, a kind of ornament used in the capital of Corinth কণ্টকক, করিন্থদেশীয় অলঙ্কার বিশেষ।
Acatalectic *n.* A verse which has the complete number of syllables without any defect নির্দ্দোষ কবিতা।
Accede (ak-seed) *v. i.* Comply with to the terms proposed by another একবাক্য করা, সম্মতিদেওয়া।
Accelerate *v. t.* To hasten ত্বরা করা।
Acceleration *n.* Increase of motion or action, act of hastening দ্রুতকরণ।

পক্ষে শীতল জল, দুগ্ধ ও মাংসের রস ব্যবস্থা করেন। পথশ্রমক্লান্ত, যুদ্ধক্লান্ত, আতপ তাপে তাপিত ও বিষ বা মদ্যপায়ী ব্যক্তিগণের পক্ষে মাসকলাই ও দধির মাত ব্যবস্থা।

যাঁহারা কেবল সুরাপান করেন তাঁহাদের পক্ষে মদ্যই অনুপান। মাংসাহারের পর সুরানুপান উপকারী, এবং যাঁহারা মদ্যপানে অনভ্যস্ত, তাঁহাদের পক্ষে কেবল শীতল জল ব্যবস্থা। বক্তা, ঘর্ম্মাক্লান্ত, পথশ্রান্ত ও স্ত্রী সংসর্গে ক্লান্ত ব্যক্তিগণের পক্ষে ক্ষীরভোজন অমৃততুল্য পথ্য।

সুরাকৃশ বা স্থূলকায় ব্যক্তিগণের পক্ষে মধুরপানা অনুপান ব্যবস্থেয়। বায়ুপীড়িত লোকের পক্ষে স্নিগ্ধ শীতল অথচ উষ্ণদ্রব্য পথ্য, কফ পীড়িতের পক্ষে রূক্ষ অথচ শীতল দ্রব্য পথ্য, রক্তপিত্ত পীড়িত রোগীর পক্ষে দুগ্ধ ও ইক্ষুরস এবং বিষপীড়িত ব্যক্তির পক্ষে আকন্দ এবং শিরীষের আসব অর্থাৎ রস পথ্য।

অন্ন—চাউল সুসিদ্ধ হইলে অন্ন প্রস্তুত হয়, ভাতের ফেণ বা

অগ্নিজ্বালা (স্ত্রী) বৃক্ষ বিশেষ A tree, আগ্নেয় ঔষধ a medicine for appetite, অগ্নিশিখা a flame, ধাতকী a kind of Indian flower called *Dhai*.

অগ্নিজিহ্বা (স্ত্রী) আগুনের শিখা Flame, লাঙ্গলী বৃক্ষ an Indian tree used in medicine.

অগ্নিদ (বিণ) অগ্নিদাতা Setting on fire; incendiary; হজমি digestive.

অগ্নিদমনী (স্ত্রী) কন্টিকারীকা A plant used in medicine.

অগ্নিদগ্ধ (পুং) পিতৃলোক A *pitri* or progenitor to whom oblations with fire are made.

অগ্নিদাহ (পুং) অগ্নিরাশি, আগুনেদহন Conflagration.

অগ্নিদীপ্ত (বিণ) উজ্জ্বল Bright, অগ্নিজ্যোতিঃ বিশিষ্ট blazing, হজমি digestive

অগ্নিদ্বারা চোয়ান—Sublimate.

অগ্নিদীপ্তা (স্ত্রী) কিরণময়ী বৃক্ষ A glittering tree.

অগ্নিদেবা (স্ত্রী) কৃত্তিকা নক্ষত্র *Krittika*, a star of certain value pointed by the Indian astronomers

অগ্নিনির্য্যাস (পুং) বৃক্ষবিশেষ A kind of tree.

অগ্নিপক্ক (বিণ) রন্ধনকরা Cooked

অগ্নিপরীক্ষা (স্ত্রী) অগ্নিদ্বারা শুদ্ধাশুদ্ধ নির্ণয় করণ Fiery ordeal

অগ্নিপর্ব্বতের মুখ (পুং) আগুনেপাহাড়ের মুখ Crater

অগ্নিপ্রস্তর (পুং) আগ্নেয় পাথর Volcanic-rocks, চকমকি পাথর flint.

অগ্নিবর্দ্ধক (বিণ) আগ্নেয়, ক্ষুধাবর্দ্ধক, Having the power of increasing appetite.

অগ্নিবল্লভ (পুং) ধূনা Resin, শালগাছ a *sal* tree,

অগ্নিবাণ (পুং) আগ্নেয়বাণ, A fiery arrow, সাংঘাতিক অস্ত্র a fatal arrow.

অগ্নিবাহ (পুং) ধূম, ধূঁয়া, Smoke.

অগ্নিবিকার (পুং) ধূমকেতু A comet. উল্কাপাত a meteor.

অগ্নিবিসর্প (পুং) স্ফোটক জন্য ক্লেশ Pain from a boil.

Accend *v. t.* To kindle, to set on fire অগ্নি দেওয়া; অগ্নিদেওয়া।

Accension *n.* Burning state জলন্তাবস্থা।

Accent *n.* Manner of pronunciation উচ্চারণের রীতি।

Accentuate, *v. t* Marking or placing accents properly উচ্চারণ চিহ্ন দেওয়া।

Accept *v. t.* To admit, to receive গ্রহণ করা, স্বীকার করা।

Acceptable *a.* Agreeable গ্রাহ্য।

Acceptance *n.* Favorale reception সাদরে গ্রহণ।

Acceptation *n.* Kind reeption. সাদরে গ্রহণ।

Accepter *n.* One who cepts গ্রাহক।

Access *n.* Admittance অপ্রতিহত গমন।

Accessary *a.* Additionl সহযোগী।

Accessibility *n.* Qulity of being near to সুগমতা।

Accessible *a.* Easy to be near to সুগম।

Accesion *n.* Act o arriving at a throne প্রাপ্তি।

Accessory *a* Additial সংযোগ যোগ্য, (*n*) one guilty certain offence অপরাধী।

Accidence *n.* A sml book containing the first ruments of Grammar ব্যাকরণের ক্ষু প্রকরণ গ্রন্থ।

Accident *n.* Cualty, an event which is not xpected অকস্মাৎ ঘটনা।

Accidental *a* In-essential, fortuitous অকস্মাৎ, দৈব।

Accidentally *ad*Suddenly অকস্মাৎ।

Accipient *n.* A ceiver গ্রাহক।

Accite *v. t.* To mmon, to call for ডাক, তলব কর

Acclaim } Praise, shout of
Acclamation } pplause ধন্যবাদ।

Acclivity *n.* slope of the earth, rising grou. the scene of a hill উন্নত স্থান, পর্ব্বতীয় দৃশ্য।

Accloy *v. t.* satiate পরিতৃপ্ত করা।

মাড় সম্পূর্ণ নির্গত হইলে অন্ন লঘু হয়। লঘু অন্ন ভোজনে অগ্নিবৃদ্ধি হয়, শরীর শীতল, সুস্থ থাকে, এবং সম্যধিক বল বৃদ্ধি করে। অন্ন শীতল হইলে গুরুপাক হয় তজ্জন্য অল্প গরম থাকিতে অন্ন আহার করা বিধেয়। কলিতে নরনারীর অন্নগত প্রাণ, অন্নাহারে ইন্দ্রিয় সবল হয়, ধাতু পুষ্টি করে, দেহে শক্তি সঞ্চার হয়, মন আনন্দে থাকে এবং ক্ষুধা ও কৃশতা দূর হয়।

অপক্ক দুগ্ধের নবনী—শীতল, সুখাদ্য ও বলকর। উক্ত নবনী আহারে শরীর স্নিগ্ধ থাকে, চক্ষের জ্যোতি বৃদ্ধি হয়, শোণিত ও শুক্র বৃদ্ধিকরে এবং দেহ পুষ্ট হয়; ইহা রক্তপিত্ত ও চক্ষুরোগে মহোপকারী।

অপক্ক মধুগুণ—সবিষ মক্ষিকাদ্বারা নানাবিধ দ্রব্যের সারাংশে ও পুষ্পের রস সংযোগে মধু উৎপন্ন হয় বলিয়া ইহা অতি উৎকৃষ্ট দ্রব্যমধ্যে গণ্য। অনেক রোগে মধু ব্যবস্থেয়, মধুতে মক্ষিকার বিষ সংযোগ থাকায় উষ্ণদ্রব্যে মিলিত হইলে বিপরীত গুণ প্রাপ্ত হয় অর্থাৎ বিষের ন্যায় হয়।

অগ্নিবীজ } (ক্লী) স্বর্ণ, সোনা Gold,
অগ্নিবীর্য্য }

অগ্নিবৃষ্টি (স্ত্রী) অগ্নিবর্ষণ Fireraining.

অগ্নিভ (পুং) স্বর্ণ Gold.

অগ্নিভূ (পুং, অগ্নি-ভূ ক্বিপ) অগ্নি হইতে উৎপন্ন, অর্থাৎ কার্ত্তিকেয় Fire-born *Kárttika*—it is said in our mythology that Karttika, the son of Siva, took his birth from Agni the fire.

অগ্নিমণি (পুং) সূর্য্যকান্তমণি A brilliant stone.

অগ্নিমন্থ (পুং) গণেরী গাছ। A plant used in medicine. (*Premna spinosa.*)

অগ্নিমারুতি (পুং) অগস্ত্য মুনি A *Rishi* or hermit named Agastya.

অগ্নিমুখ (পুং) দেবতা A Hindu deity, চিতাগাছ an Indian plant (*Plumbago Zeylanna*); ব্রাহ্মণ a bramin.

অগ্নিযন্ত্র (ক্লী) কামান A gun.

অগ্নিরজ (পুং) ইন্দ্রগোপ কীট A worm named *Indragopa.*

অগ্নিকন্যা (স্ত্রী) বৃক্ষ বিশেষ A kind of tree

অগ্নিশর্ম্মা (বিণ) ক্রোধে অগ্নিতুল্য, মহাক্রোধী, Furious.

অগ্নিশিখা (স্ত্রী) অগ্নিবাণ, A fiery arrow, অগ্নিশিখা a flame, (ক্লী) কুঙ্কুম Saffron.

অগ্নিষ্টোম (পুং, অগ্নি-স্তু মন) যজ্ঞ বিশেষ A *Yajna or* sacrifice.

অগ্নিষ্ঠ (ক্লী) কড়া কটাহ Pan, cauldron.

অগ্নিষ্বাত্ত (পুং) পিতৃলোক বিশেষ, দেবগণের আদিপুরুষ The progenitors of the gods and goddesses.

অগ্নিসংস্কার (পুং) দাহাদি কর্ম্ম Funeral.

অগ্নি-সখ, পুং (অগ্নি-সখি) বায়ু the air.

অগ্নি-সম্ভব (পুং) বনফুল wild flower,

অগ্নিসহায় (পুং) বনপায়রা Wild pigeon, বাতাস air.

অগ্নিবাস (ক্লী) অঞ্জন, কাজল Colly-rium,

অগ্নিধ (পুং, অগ্নি-ইন্ধ) পুরোহিত A priest.

Accoil *v. t.* To crowd জনতা করা।

Accommodate *v. t.* To adapt to furnish with something desired অভীষ্ট পূরণ, অভাব পূরণ করা।

Accommodable *a.* Adaptable, convenient উপযুক্ত; সুবিধাজনক।

Accommodation *n.* Adaptation যোগাড়; convinience সুবিধা।

Accompanist *n.* A performer in music গায়ক বা বাদক।

Accompany *v. t.* To go with সঙ্গে যাওয়া।

Accomplice *n.* A partaker in guilt কুসহায়, কুসংসর্গী, সহকারী।

Accomplish *v. t.* To complete সম্পন্ন করা।

Accomplished *p a.* Completed সুসম্পন্ন, refined গুণসম্পন্ন, প্রাজ্ঞ।

Accomplishment *n.* Exellence of mind গুণভূষণ, completion শেষ; elegance উৎকর্ষতা।

Accord *n* Will ইচ্ছা, consent মত।

Accord *v. t.* To concede, সম্মতি করা; to make to agree মিলন করা।

Accordance *n.* Agreement সম্মতি।

Accordant *a.* Agreeable মতানুযায়ী।

According-to *prep* Suitable অনুসারে।

Accordingly *ad* Consequently সুতরাং

Accordion *n.* A small keyed musical wind instrument বাদ্যযন্ত্র।

Accost *v. t.* To address সম্ভাষণ করা।

Accouchment *n.* (ak-koosh-ment) Delivery in childbirth প্রসব করণ।

Accoucheur *n.* A man mid-wife যে পুরুষ ধাত্রীর কার্য্য করে।

Account *n.* A reckoning, an estimate, importance বিবরণ, কারণ, হিসাব।

Account *v. t.* To reckon হিসাবনিকাস দেওয়া। [দায়ী।

Accountability *n.* Responsibility

Accountable (ak-kount-abl) *a.* Subject to an account দায়ী।

Accountant (ak-kount-ant) *n.* One

গরম দ্রব্যে মধু মিশ্রিত করিয়া খাইলে বমন হয়, উদরে থাকে না এবং কোন মতে পরিপাক হয় না। অপক্কমধু ত্রিদোষের মূল।

অপরাজিতা গুণ—কুষ্ঠব্যাধিগ্রস্থ ও বিষরোগাক্রান্ত ব্যক্তির পক্ষে মহোপকারী।

অভয়া ফলগুণ—অর্থাৎ পঞ্চশীরা হরিতকী; এই ফলের গুণ সারক, অগ্নিকর ও দেহ পুষ্টিকর; ইহার স্বাদ কষায়, অম্ল ও নেত্র-রোগীর পক্ষে বিশেষ উপকারী এবং সর্ব্ব-স্থানীয় ব্রণ বিনষ্ট করে।

অম্লরস গুণ—রস ছয় প্রকার, তন্মধ্যে এস্থলে কেবল অম্ল-রসের গুণ ব্যাখা হইতেছে; শব্দানুসন্ধানে অপর পাঁচটীর গুণ জানা যাইবে। অম্লরস মুখপ্রিয়, জারক, পাচক, কোষ্টবিদাহী ও বায়ুর শান্তি-কর এবং বাহ্য শীতল। অধিক পরিমাণে অম্লরস সেবন করিলে দন্তক্ষয় হয়, চক্ষে ক্লেদ জন্মায় শরীর শিথিল হয়, গাঢ় কফ ও বসা ছর্দ্দি তরল ও সরল করিয়া নির্গত করে, দেহের ক্ষত, আহত, দষ্ট, দগ্ধ, ছিন্ন ও কণ্টক বিদ্ধ প্রভৃতি স্থান পাকিয়া উঠে। অম্লরসের

অগ্নিন্ধন (ক্লী) অগ্নি প্রজ্বলিত করণ Act of igniting fire, ignition.
অগ্ন্যবতার (বিণ) অতিশয় রাগান্বিত Furious.
অগ্ন্যস্ত্র (ক্লী) বন্দুক, কামান A gun.
অগ্ন্যুৎপাত (পুং) উল্কাপাত Meteor.
অগ্র (আগ) প্রথম First, অগ্রে ante উত্তম good প্রধান foremost. উপরি top, শিখর summit.
অগ্রকর (পুং) দক্ষিণ হস্ত The right hand.
অগ্রগ (বিণ) অগ্রসর Forward.
অগ্রগণ্য (বিণ) অগ্রে গণনীয় Foremost.
অগ্রগামী (বিণ, অগ্র-গম-ইন) Antecedent.
অগ্রজ (পুং; অগ্র-জন-ড) জ্যেষ্ঠভ্রাতা Eldest brother, ব্রাহ্মণজাতি Bramin caste.
অগ্রজন্মা (পুং, অগ্র-জন্মন) ব্রাহ্মণ Bramin, জ্যেষ্ঠভ্রাতা eldest brother ব্রহ্মা Brahma, the Creator.
অগ্রজাতি (পুং) ব্রাহ্মণজাতি Bramin caste.
অগ্রণী (বিণ) প্রধান Foremost.
অগ্রতঃ (ক্রি, বিণ, অগ্র-তস) অগ্রে Ahead.
অগ্রতঃসর (বিণ) অগ্রগামী Antecedent.
অগ্রদানী (পুং, অগ্র-দান) পতিত ব্রাহ্মণ A polluted bramin.
অগ্রপর্ণী (স্ত্রী,) অগ্রপর্ণ আলকুশী A poisonous creeper.
অগ্রপশ্চাৎ (ক্রি বিণ) চিরকাল Ever settled; পূর্ব্বাপর Settled before and after.
অগ্রপাণি (পুং) দক্ষিণহস্ত The right hand.
অগ্রবীজ (ক্লী, পুং) বৃক্ষের অঙ্কুর Germ.
অগ্রভাগ (ক্লী) আগা The nib.
অগ্রমাংস (ক্লী) হৃদয়স্থ মাংস বৰ্দ্ধক রোগ; অগ্রমাস Liver.
অগ্রসন্ধানী (স্ত্রী) চিত্রগুপ্তের খাতা, জীবের কার্য্যাকার্য্য লিখনের পুস্তক Universal Ledger kept by Chitragupta the Head Accountant of Yamaraj the God of punishment and reward.
অগ্রসর (বিণ) অগ্রগামী Antecedent.
অগ্রস্বাদন (পুং) অগ্রে আস্বাদগ্রহণ Antepast.
অগ্রহায়ণ (পুং) হেমন্তের প্রথম মাস Eighth month of the Bengali era.

who keeps or is skilled in accounts মুহুরি।
Accoutre (ak-koot-er) *v. t.* To dress পরিধান করা।
Accoutrements (ak-koo-ter-ment) *n.* Dress, equipage পরিচ্ছদ, সরঞ্জম।
Accredit (a-kra-dit) *v. t.* To give trust to বিশ্বাস করা।
Accretion (a-kre-shun)*n.* An increase by natural growth স্বাভাবিক বৃদ্ধি।
Accrue (a kroo) *v. t.* To increase বৃদ্ধি করা।
Accubation(a-ku ba-shun) *n.* A lying on a couch when at meals, as practised by the ancients ভোজন কালে হেলান দেওয়া, প্রাচীন ধারা বিশেষ।
Accumbent (a-kum bent) *a.* A leaning হেলান দেওয়া।
Accumulate (a-ku-mu-late) *v. t.* To collect, to heap together সংগ্রহ করা, রাশি করা।
Accumulation (a-ku-mu la-shun)*n.* A heap রাশি।
Accumulative (a-ku mula-tiv) *a.* Increasing বৰ্দ্ধনশীল।
Accuracy (ak-kur-a-se) Exactness শুদ্ধতা, প্রকৃতাবস্থা।
Accurate(ak-ku rate)*a.* Free from defect খুঁতহীন, minute সূক্ষ্ম, exact যথার্থ।
Accurately (ak-ku-rat-le) *ad.* Exactly in an accurate manner যথার্থ।
Accurse (akkurs) *v. t.* To doom to ruin অভিশাপ দেওয়া।
Accursed(ak-kursd) Detestable ঘৃণিত, execrable অভিশপ্ত। [অপবাদ।
Accusation (ak-ku-za-shun) Charge
Accusative(ak ku za tiv)*a.* The fourth case of Greek and Latin nouns গ্রীক ও লাটিন ভাষার কর্ম্মপদ।
Accusative *a.* Chargable with crime or fault অপবাদনীয়, নিন্দনীয়।
Accuse (ak-kuz) *v. t.* To charge with crime or fault অপবাদ সাব্যস্ত করা।
Accuser (ak-kuzar) *n.* One who brings charge অভিযোগকারী।

স্বাভাবিক আগ্নেয় শক্তি থাকায় গলাজ্বালা, বুকজ্বালা প্রভৃতি দাহ উৎপত্তি করে।

অম্লিকা গুণ—তেঁতুলকে অম্লিকা কহে; কাঁচা তেঁতুলের গুণ বায়ুনাশক কিন্তু পিত্ত এবং শ্লেষ্মা বৃদ্ধি করিয়া দেহ পীড়িত করে, বিশেষত বালকদিগের পক্ষে কাঁচা তেঁতুল কোন অংশে ভাল নয়। পাকা তেঁতুলের গুণ ভেদক এবং অম্লরসে যে যে গুণ নির্দ্দিষ্ট হইয়াছে সেই সমস্ত গুণাশ্রিত।

অর্কপুষ্প গুণ—অর্থাৎ আকন্দ ফুল। কষায়, পিত্তনাশ কারী, শীতল ও লঘু।

অরহর কলাই গুণ—মুখপ্রিয়; গুরুপাক, কষায়, মল-মূত্র রোধক বায়ুর প্রকোপকার, এবং পিত্ত ও শ্লেষ্মা নষ্ট কারী।

অর্জ্জুনকাষ্ঠ গুণ—মূত্রকৃচ্ছ্র, ভগ্ন ও ক্ষয় প্রভৃতি রোগে উপকারী।

অরিষ্ট ফল গুণ—অর্থাৎ নিমফল। নিমফল, নিমপাতা ও নিমছালেও বিবিধ গুণ আছে। নিমগাছের ছায়াও ভাল; এই বৃক্ষ প্রতি গৃহস্থের বসত বাটীতে থাকা আবশ্যক। নিমফল পরিপাকে কটু কিন্তু

অগ্রহার (পুং) দত্তভূমি, ব্রহ্মত্রভূম্যাদি Gifted land.
অগ্রাহ্য (বিণ) তুচ্ছ Hateful, trifling.
অগ্রাহ্য-ব্যক্তি (পুং) নীচলোক Castaway.
অগ্রিম (অগ্র—বিণ) প্রথম Ante.
অগ্রিয় (অগ্র-ইয়, বিণ) প্রধান Foremost.
অগ্রেসরিক (পুং) দলপতি A leader.
অঘ (ক্লী, অঘ-ভাবে-অল্) পাপ Sin. (পুং) কংসের সেনাপতি The commander of Kansa's army.
অঘটনা (স্ত্রী) যাহা ঘটে না What is beyond expectation.
অঘটনীয় (বিণ) দুর্ঘট Difficult.
অঘন (বিণ) বিরল Thin, নির্ম্মল clear.
অঘবান (বিণ) পাপী Sinful.
অঘময় (বিণ) পাপময় Sinful, wicked.
অঘমর্ষণ (সং, অঘ-মৃষ) পাপনাশক মন্ত্র An expiatory prayer.
অঘাট (পুং) যে নদী বা পুষ্করিণীতে ঘাট নাই A river or pond having no terrace.
অঘাহ (ক্লী, অঘ-অহন) অপবিত্র দিন Time or day of impurity.
অঘৃণ (বিণ) নিঘৃণ, নির্দ্দয় Cruel, unkind.
অঘাসুর (পুং) অঘ নামে অসুর A sphinx named Agha.
অঘোর (পুং) মহাদেবের এক নাম A name of Siva.
অঘোরপন্থী (পুং, অঘোর-পথিন) দুরাচার Wicked, শিব শিবার উপাসক a worshipper of the terrific forms of Siva and Durga.
অঘ্ন্য (স্ত্রী, অ-হন-অক) ব্রহ্মা A name of Brahma. (বিণ) অবধ্য Not fit for putting to death.
অঘ্ন্যা (স্ত্রী, অ-হন) গাভি A cow.
অঙ্ক (পুং, অনক-অল্) চিহ্ন Figure, sign, রেখা line, নাটকাংশ act, চিত্রকরণ painting. [in arm.
অঙ্কগ (পুং—বিণ) কোলের শিশু Child
অঙ্কতি (পুং, অঙ্ক-অতি) পুরোহিত A priest, অগ্নি fire, বায়ু air, ব্রহ্মা a name of Brahma.
অঙ্কন (ক্লী, অঙ্ক-অন্) দাগদেওন Marking, চিত্রকরণ painting.

Accustom (akkustum) *v. t.* To make familiar by use ব্যবহার করা, ব্যবহারে আনা।
Accustomary (akkustamaree) *a.* Ordinary নিয়মানুযায়িক।
Ace (as) *n.* An atom অণু, রেণু, a single point on a card or die তাসে বা ছাঁচের উপর একটি চিহ্ন।
Aceldama (aseldama) *n.* The field of blood শোণিতক্ষেত্র।
Acephalous (asefalus) *a.* Without a head মস্তকহীন।
Acerbity (a-ser-be-te) *n.* Sourness অম্লস্বাদ।
Acescent (asesent) *a.* Sour টক।
Acetate (a-se-tate) *n.* Acetic acid-salt টক লবণ।
Acetic (asetik) *a.* Composed of four parts, each of carbon, hydrogen and oxygen অম্লবৎ।
Acetification (a-se-ti-fika-shun) *n.* The act of making vinegar সিরকা প্রস্তুত করণ।
Acetify (a se-te-fy) *v. t.* or *i.* To turn into acid টক করা।
Acetimeter (a-seti-meter) *a.* An instrument of ascertaining the power of acid অম্লশক্তি নির্দ্ধারণ যন্ত্র।
Acetose (a-se-tose) *a,* Sour টকবৎ।
Ache (ak) *n.* Spasmodic pain খেঁচনী রোগের যন্ত্রণা।
Ache (ak) *v. i.* To suffer pain যন্ত্রণা ভোগ করা।
Achieve (a-chev) *v. t.* To accomplish সম্পন্ন করা।
Achievable (a-chev-abl) *a.* Capable of being achieved নির্ব্বাহোপযোগী।
Achievement (a-chev-ment) *n.* A heroic deed বীর কার্য্য, a performance কার্য্য, an escutcheon বংশ মর্য্যাদার চিহ্ন।
Achor (akor) *n.* A species of the herps দাদ বিশেষ।
Achromatic (a-kro-ma-tic) *a.* Free from colour বর্ণহীন।

মেহরোগীর পক্ষে বিশেষ উপকারী। নিম্বরসে কৃমি নষ্ট করে, নিম্বদ্বারা উদরী, কুষ্ঠ ও অর্শ রোগের শান্তি হয়।

অলাবু-ফল-গুণ— অর্থাৎ লাউ, অতিশয় ঠাণ্ডা কিন্তু গুরুপাক, শীঘ্র জীর্ণ বা হজম হয় না, রূক্ষ এবং মল-ভেদক।

অশ্বকর্ণ-ফল-গুণ—অর্থাৎ শাল-বৃক্ষের ফল। শাল বৃক্ষের ফল বিশেষ উপকারী, এই ফল ভক্ষণে তৃষ্ণা নিবারিত হয়, জ্বর এবং গাত্রদাহ দমন করে, কফ ও পিত্ত নষ্ট করে, এবং রক্তপিত্তপীড়িত শ্বাস ও কাশরোগীর পক্ষে এই ফল ধন্বন্তরী; ফলতঃ শালবৃক্ষের ফলকে সুধা বা অমৃত ফল বলিলেও অত্যুক্তি হয় না।

অশ্বত্থ-ফল-গুণ—অর্থাৎ আসদ গাছের ফল। কষায়, গুরু, শীতল এবং অম্লরসবিশিষ্ঠ।

অশ্বন্তক-ফল-গুণ—অর্থাৎ আম্রটা-ভল বা আবটা। শীতল গুণ বিশিষ্ট, কষায়, কফ এবং বা: নষ্টকারী।

অশ্ববলা-গুণ—অর্থাৎ পালম শাক রূক্ষ, পাকে মধুর ও অতিশয় শীতল; রক্তপিত্তপীড়িত এবং উন্মাদের পক্ষে উপকারী বিশেষত ইহার বিষনাশক গুণ

অঙ্কপালিকা (স্ত্রী) আলিঙ্গন, কোলাকোলি An embrace.
অঙ্কপালী (স্ত্রী) আলিঙ্গন Clasp, ধাত্রী a nurse, লতাবিশেষ a plant.
অঙ্কপাশ (ক্লী) আঁক রাখা Figuring.
অঙ্কপূরণ (ক্লী) অঙ্কের গুণকরণ Multiplication. [metics.
অঙ্কবিদ্যা (স্ত্রী) গণিতবিদ্যা Matha-
অঙ্কবৃদ্ধি (স্ত্রী) আঁক বাড়ান Addition.
অঙ্কা (স্ত্রী,অঙ্ক) ঢাক A drum. [counted.
অঙ্কিত (বিণ) চিহ্নিত Marked, গণিত
অঙ্কিত-তক্তা (ক্লী) চিহ্নিত খণ্ড Tablet.
অঙ্কুট (পুং, অকি-উটি) চাবি A key.
অঙ্কুর (পুং) নূতনোৎপত্তি Germ,a shoot or sprout, রোম the hair of the body, রক্ত blood, জল water.
অঙ্কুরক (পুং, অঙ্কুর-ক) কুলায়, নীড়, পাখীর বাসা Bird's nest.
অঙ্কুশ (পুং, ক্লী,) ডাঙ্গস, ডণ্ড Goad.
অঙ্কুশ-গ্রহ (পুং) মাহুত A driver with a goad, elephant-driver. [elephant.
অঙ্কুশ-দুর্দ্ধর (পুং) দুরন্ত হাতী A restive
অঙ্কোট } অঙ্কোল } (পুং, অঙ্ক-ওট) আঁকোড়গাছ An Indian tree used for medical and enchanting purposes.
অঙ্কোল্লিকা (স্ত্রী, অঙ্ক-উৎ-ল (লা)-ক-আ) আলিঙ্গন An embarce.
অঙ্গ (পুং, অন্‌গ-অল্) গাত্র A limb, দেহ body, সহকারী শক্তি বা ভাব instrument of a power, দেশবিশেষ a country in India where Karna the powerful general of Duryodhan reigned, Bhagulpur.
অঙ্গক (ক্লী) দেহ The body, চরণ leg.
অঙ্গ খেঁচন করা (ক্রি) হস্তপদাদি টানা Convulse.
অঙ্গগ্রহ (পুং) আঁকুষী Crook, শারীরিক বেদনা a cramp.
অঙ্গজ (পুং) সন্তান Child. [Ash-holder.
অঙ্গঠা (স্ত্রী) অঙ্গারাদি রাখিবার পাত্র
অঙ্গণ } অঙ্গন } (ক্লী) উঠান Compound, courtyard, কাছারি court.
অঙ্গচ্ছেদন করা (ক্রি) Amputate.
অঙ্গতি (পুং) অগ্নিহোত্রী ব্রাহ্মণ A Brahman who has preserved a sacred

Acicular (a-si-ku-lar) *a.* Needleshaped সূচাকার বিশিষ্ট।
Acid (asid) *a.* Sour টক।
Acid (asid) *n.* A sour substance অম্ল রস বিশিষ্ট দ্রব্য ; এসিড।
Acidity (asid-i-tee) *n.* Sourness অম্লত্ব।
Acidulate (a-si-du-late) *v. t.* To make sour অম্ল রসাক্ত করা।
Acidulous (a-si-du-lus) *a.* Sourish অম্লবৎ।
Acknowledge (ak nol-ej) *v. t.* To confess স্বীকার করা।
Acknowledgement (ak no-lej-ment) *n.* Confession স্বীকার।
Acme (akme) *n.* Top চূড়া, বৃদ্ধির সীমা।
Acolyte (a-ko-lit) *n.* Companion সহচর।
Aconite (a-ko-nite) *n.* Poison বিষ।
Acolothist (a-ko lo-thist) *n* An attendant in the Roman Catholic church রোম দেশীয় ধর্ম্মশালার পাদরি।
Acorn (a-korn) *n.* The seed or fruit of the ock ওক্ বৃক্ষের বীজ বা ফল।
Acolyledon (a-koli-le-don) *n.* A plant বৃক্ষ, চারা, লতা।
Acoustic (a-kus-tic) *a.* Partaining to the theory of sounds শব্দ বিদ্যা সম্বন্ধীয়।
Acoustics (akustics) *n.* Theory of sound শব্দ বিদ্যা।
Acquaint (ak-kwent) *v. t.* To make known জ্ঞাত করা।
Acquaintance (ak-quan-tans) *n.* Familiarity আলাপ, a person well-known আলাপী লোক।
Acquainted (ak-quen-ted) *p. a.* Well known পরিচিত।
Acquest (akkwest) *n.* A gained thing লব্ধ বস্তু।
Acquiesce (ak-kwes) *v. i.* To comply with, to rest satisfied সম্মত হওয়া।
Acquiescence (ak-kwe-sens) *n.* Consent সম্মতি।

থাকায় হিতকর বস্তুর মধ্যে গণ্য।
অশ্বমাংস-গুণ—অর্থাৎ ঘোড়ার মাংস, লবণ রসাশ্রিতএবং মেষ মাংসের তুল্য গুণবিশিষ্ট, গুরু-পাক, পিত্ত ও শ্লেষ্মা বৃদ্ধিকারী।
অশ্বমূত্র-গুণ—দদ্রু বা দাদ রোগের নানাপ্রকার ঔষধ দেখিতে পাওয়া যায়, কিন্তু এই রোগের শান্তির জন্য কেহ কখন অশ্বমূত্র ব্যবহার করেন না। সুবিজ্ঞ চিকিৎসকেরা বলেন, অশ্বমূত্রে নিশ্চয় দাদ আরোগ্য হয়। শরীরের যে স্থান দাদ রোগগ্রস্ত, সেই স্থান চুলকাইয়া অশ্বমূত্রের প্রলেপ দিতে হইবে; প্রলেপকালে কিঞ্চিৎ জ্বালা সহ্য করিতে হয়, কিন্তু দুই তিন বার অশ্ব মূত্রের প্রলেপ দিলে দাদ একবারে আরোগ্য হইয়া যায়। অশ্বমূত্রের আরও কতকগুলি মহোপকারী গুণ আছে; বাত-গ্রস্থ স্থানে মর্দ্দন করিলে উপ-কার দর্শে এবং উদরস্থ হইলে ক্রিমি নষ্ট করে। ইহা অতি-শয় কটু, তীক্ষ্ণ এবং উষ্ণ, কিন্তু অগ্নিবৃদ্ধিকর ও কফঘ্ন।
অশ্বিণী-দুগ্ধ-গুণ—বলকর, হস্ত ও পদের বাতিক বেদনা নাশক ; উষ্ণ ও রূক্ষ।

fire, শ্রীকৃষ্ণের এক নাম a name of Krishna, ব্রহ্মা a name of Brahma.

অঙ্গদ (ক্লী) অঙ্গের আভরণ, বাজু An armlet. (পুং) বালী রাজার পুত্র Son of Bali the king of monkey, লক্ষ্মণের পুত্র a son of Laksman, গদের পুত্র a son of Goda.

অঙ্গদা (স্ত্রী) দক্ষিণদিগস্থ হস্তির স্ত্রী The female elephant of the south.

অঙ্গনা (স্ত্রী) নারী A woman.

অঙ্গনাজন (স্ত্রী) স্ত্রীজাতি The female sex.

অঙ্গন্যাস (পুং) পূজার সময় ভিন্ন ভিন্ন অঙ্গস্পর্শ করণ Religious introduction when worshiping a deity.

অঙ্গপালি (পুং) আলিঙ্গন An embrace.

অঙ্গপ্রত্যঙ্গ (ক্লী) দেহের সমস্ত অবয়ব Limbs.

অঙ্গ-প্রায়শ্চিত্ত (ক্লী) দেহ শুদ্ধকরণ Expiation.

অঙ্গ-বিকৃতি (স্ত্রী) মৃগীরোগ Catalepsis.

অঙ্গ-বিক্ষেপ (পুং) অঙ্গ সঞ্চালন Bodily motion.

অঙ্গ-বৈকৃত (ক্লী) ভঙ্গি Posture,

অঙ্গভঙ্গি (ক্লী) অভিনয় Acting.

অঙ্গমর্দ্দ (পুং,মৃদ-অন্) সেবক,দাস Servant.

অঙ্গরক্ত (ক্লী) বৃক্ষবিশেষ A kind of tree.

অঙ্গরক্ষণী (স্ত্রী) কবচ Amulet.

অঙ্গরাখা (ক্লী) কুর্ত্তি Cloak.

অঙ্গরাগ (পুং) গাত্র-রঞ্জন Wash, powder and scents, সৌগন্ধ দ্রব্য দ্বারা অঙ্গরাগকরণ dressing, perfuming and beautifying body with colors, scents &c.

অঙ্গ-রাজ (পুং) কর্ণ অঙ্গদেশাধিপতি Karna the powerful general of Kurus and king of Anga a country in India.

অঙ্গরুহ (ক্লী) উর্ণা, লোম Hair.

অঙ্গ-সঙ্গ (পুং) পরস্পর অঙ্গের সংযোগ Bodily union or contact, coition.

অঙ্গ-হার (পুং) অঙ্গচালন Motion.

অঙ্গহীন (বিণ) অবয়ব রহিত Maimed (পুং) পশু animal.

অঙ্গাঙ্গি (পুং) পক্ষপাত Partial

Acquiescent (ak-kwe sent) *a.* Submitting সম্মত।

Acquirable (ak-kwar-abl) *a.* That may be obtained প্রাপ্য। [করা।

Acquire (ak-kwir) *v. t.* To gain লাভ

Acquirement (ak kwir-ment) *n.* That which is gained লাভ।

Acquisition (ak-kwe-zi shun) *n.* Act of gaining উপার্জ্জন।

Acquisitive (ak-kwe-zi tiv) *a.* Gained যাহা লভ্য হইয়াছে।

Acquit (akkwit) *v. t.* To set free দোষ হইতে মুক্ত করা।

Acquitment (ak-kwit-ment) *n.* Act of setting free মুক্তি।

Acquittal (ak-kwi-tal) *n.* Deliverance from an offence অপরাধ হইতে মুক্তি।

Acquittance (ak-kwi-tans) *n.* A writing in evidence of a discharge from debt or obligation ঋণাদি হইতে মুক্তি পত্র।

Acraze (a-kraz) *v. t.* To make crazy ভগ্ন বা নষ্ট করা।

Acre (a ker) *n.* A portion of land containing 160 square rods or perches, or 4840 square yards ভূমির পরিমাণ বিশেষ অর্থাৎ দীর্ঘে ১৪০ একশত চল্লিশ হস্ত ও প্রস্থে ৪৪ চোয়াল্লিশ হস্ত পরিমাণ।

Acrid (ak-rid) *a.* Of a bitting taste bitter কটু, তিক্ত ও ঝাল।

Acridness (ak-rid-nes) *n.* A sharp pungent and harsh quality কটু, তিক্ত ও ঝালগুণ।

Acrimonious (ak-re-mo-ni-us) *a.* Full of acrimony কটু, ও তিক্ত।

Acrimony (a kri-mo nee) *n.* Sharpness of temper or language উগ্রভাব বা ভাষা।

Acritude (ak-re-tud) *n.* An acrid taste কটুস্বাদ।

Acroamatical (ak-ro-mati-kal) *a.* Belonging to deep learing গূঢ়বিদ্যা বিষয়ক; দুর্ব্বোধ abstruse.

অশ্বিণী-দুগ্ধজাত-দধি-গুণ—চক্ষের জ্যোতিঃ নষ্ট করে এবং বাতিক বৃদ্ধি করে, কিন্তু মন্দাগ্নির পক্ষে কথঞ্চিৎ উপকারী; ইহা কষায়, উষ্ণ ও রূক্ষ।

অসার-দধির-গুণ—দধির সার বা মাখন তুলিলেই অসার দধি হয়। অসার দধি রূক্ষ, বায়ু-বৃদ্ধিকর এবং কোষ্ঠ-বদ্ধকর, কিন্তু অগ্নি এবং রুচিকরগুণবিশিষ্ঠ হয়।

অক্ষ-ফল-গুণ—অর্থাৎ বয়ড়া। বয়ড়ার অনেক গুণ। আমাদের দেশে আয়ুর্ব্বেদমতাবলম্বী চিকিৎসকেরা অনেকানেক ঔষধে বয়ড়া ব্যবহার করেন এবং পাঁচনেও বয়ড়া ব্যবহৃত হয়। ইহা ভেদক অর্থাৎ উদরস্থ বদ্ধমল নির্গত করায় এবং কৃমিনাশ করে; পরিপাকে স্বাদু ও লঘু, চক্ষের দুর্ব্বল দৃষ্টির পক্ষে হিতকর, এবং কফ ও পিত্ত নাশক। এই সকল গুণ সত্ত্বেও ইহার একটী দোষ লক্ষিত হয়, স্বাভাবিক স্বরবদ্ধকারী।

আকন্দ-আঠা—অর্শরোগের পক্ষে বিশেষ উপকারী এবং কৃমি ও কফ নাশক।

আত্মগুপ্ত-গুণ—অর্থাৎ আলকুশীর গুণ। আলকুশী বৃক্ষ

অঙ্গার (পুং, ক্লী) মঙ্গলগ্রহ Mars, কয়লা charcoal.
অঙ্গারক (পুং, অঙ্গ'র) মঙ্গলগ্রহ Mars, ভৃঙ্গরাজ বৃক্ষ an Indian plant used in medicine.
অঙ্গারকমণি (পুং) প্রবাল Coral.
অঙ্গার-পরিপাচিত (বিণ) অঙ্গারপক্ক অর্থাৎ কাবাব Roast.
অঙ্গারপর্ণ (পুং) গন্ধর্ব্বাধ্যক্ষ চিত্ররথ The chief of sphinx named Chittrarath who used to accompany with the houris in the court of Indra.
অঙ্গার-পুষ্প (পুং) ইঙ্গুদী বৃক্ষ An Indian creeper.
অঙ্গার-বল্লরী, অঙ্গার-বল্লী } (স্ত্রী) করঞ্জ বিশেষ A kind of acid fruit, কুঁচ An Indian red seed used in weighing gold, silver and jewels &c.
অঙ্গারি (অঙ্গার) ক্ষুদ্র আগেয় কণা A small fire-pan.
অঙ্গারিণী (অঙ্গার স্ত্রী) ক্ষুদ্র উনান A small furance.
অঙ্গিকা (অঙ্গ-স্ত্রী) কাঁচলী A kind of bodice.
অঙ্গিরা (পুং) মুনিবিশেষ A *Rishi* or hermit namedAngira.
অঙ্গী (বিণ) আকার বিশিষ্ট Framed, প্রধান foremost.
অঙ্গীকার (পুং) প্রতিজ্ঞা A promise.
অঙ্গীভূত (বিণ) অবয়ব বিশিষ্ট Framed.
অঙ্গুরী (অঙ্গ) আংটি A ring.
অঙ্গুল [লি, লী] (পুং) আঙ্গুল A finger.
অঙ্গুল-তোরণ (ক্লী) চন্দনাদি সুগন্ধ দ্রব্য দ্বারা কপালে অর্দ্ধচন্দ্র রেখাকরণ Painting lunette on brow with sandalwood fragrance and scents.
অঙ্গুলিত্র, অঙ্গুলীত্র } (ক্লী) অঙ্গুষ্টান, আঙ্গুলরক্ষক A thimble.
অঙ্গুলি-পর্ব্ব (পুং) আঙ্গুলের গ্রন্থ অর্থাৎ গাঁট Knuckle.
অঙ্গুলীয়ক (ক্লী) আংটি A ring.
অঙ্গুষ্ঠ (পুং) বৃদ্ধাঙ্গুলী The thumb.
অঙ্গুষ্ঠান (সং) অঙ্গুলীরক্ষক, আস্তানা A thimble.

Acrobat, (ak-ro-bat), *n.* One who practises high vaulting &c. কুস্তি-ওয়ালা।
Acronycal, (a-kroni-cal), *a.* Astronomical applicaton to stars when they appear above or sink below the horizon at the time of sunset সূর্য্যাস্ত কালে তারার উদয় ও অস্ত হওন।
Acropolis, (ak-ro-po-lis), *n.* A citadel নগরমধ্যস্থিত দুর্গ।
Acrospire, (ak-ro-spire), *n.* A sprout at the end of a seed বীজাঙ্কুর, কলা।
Across, (a-kros), *prep.* Athwart, from side to side আড়পাশে।
Acrostic, (a-kros-tic), *n.* A verse in which the first or last letters of lines conjunctly from a name or sentence চিত্র কাব্য বিশেষ।
Act, (akt), *v. i.* To perform on the stage, অভিনয় করা, to exert power, কার্য্য করা, to behave. ব্যবহার করা।
Act, (akt), *n.* Performance অভিনয়, one of the principal divisions of a play, নাটকাঙ্ক decision of a court বিচার।
Action, (akshun), *n.* An act or thing done কার্য্য, an engagement beteen troop in war যুদ্ধ; Gesture শারীরিক ভঙ্গি।
Actionable, (ak-shun-abl), *a.* Bringing of an action at law অভিযোগের যোগ্য।
Active, (ak-tiv), *a.* Energetic চতুর, expressing the transition from agent to object as verbs কর্তৃবাচ্য।
Activity (ak-ti-ve-tee) *n.* Nimbleness চতুরতা।
Actor (ak-tor) *n.* One who represents characters on the stage. অভিনেতা।
Actress (ak-tress) *n.* A female stage-player অভিনেতৃ।
Actual, (Akt-yu-al) *a.* Certain. প্রকৃত।

স্পর্শ মাত্রেই চিড় চিড়ি করিয়া জ্বলে এবং স্পর্শিতাঙ্গ ফুলে, কিন্তু ইহার বীজ উপকারী, মাসকলায়ের সমগুণ বিশিষ্ট। পাকে মধুর, কফ নাশক, মলমূত্রভেদক এবং স্তন্য রুচিকর।
আদ্রক-গুণ—অর্থাৎ আদা। বাতশ্লেষ্মার পক্ষে মহোপকারী, এতদ্দেশীয় বিজ্ঞ কবিরাজেরা আদার সত্ত্বের অনুপান অনেক ঔষধে ব্যবস্থা দিয়া থাকেন, বাস্তবিক গৃহস্থের পক্ষে আদা একটী উপকারী দ্রব্য। ব্যঞ্জনে এবং বিবিধ পাকে আদার সংস্কার আবশ্যক হয়। ইহা কটু ও উষ্ণ কিন্তু রুচিকর। শূল বেদনা নাশক এবং স্বাভাবিক স্বরের পক্ষে হিতকর।
আপাং—আপাং দ্বারা সুনিদ্রা হয়, ইহা সারক ও তীক্ষ্ণ।
আরুটা-ফল—(অশ্বত্থক ফল দেখ।)
আম-ফল—শ্লেষ্মাকর ও অজীর্ণকারী, আমড়া ফল ভক্ষণে বাতাশ্রয় করে, কিন্তু ইহা রুচি ও বলকর।
আম-তিন্তিড়ি-ফল—অর্থাৎ কাঁচা তেঁতুল। ইহা শ্লেষ্মাকর ও পিত্ত বৃদ্ধিকারী, কিন্তু বায়ু নাশক। বালকের পক্ষে কাঁচা

নকুল (পুং, অশি (গমন করা)-উষঃ) বেজী, নকুল An ichneumon, তীর an arrow.

অত্ম (স্ত্রী অঘি (গমন করা) অশি) পাপ Sin.

অচণ্ড (বিণ) শান্ত Mild ; gentle.

অচপল (বিণ) স্থির Steady.

অচরিষ্ণু (বিণ) চলনশক্তি রহিত Immovable, স্থির calm.

অচল (বিণ) স্থির Calm and quite, (পুং) পর্ব্বত A mountain.

অচলকীলা (স্ত্রী) পৃথিবী The earth,

অচলা (স্ত্রী) পৃথিবী The earth.

অচঞ্চল (বিণ) স্থির Calm.

অচিকীর্ষ (বিণ) কার্য্যকরণে অনিচ্ছুক Unwilling to do anything.

অচিৎ (বিণ) জ্ঞানহীন, অচেতন Inanimate, insensate.

অচিন্ত [স্ত্য] (বিণ) চিন্তাতীত, ভাবনা করিতে অক্ষম বা অযোগ্য Incomprehensible.

অচির (বিণ) শীঘ্র Quick, presently.

অচিরস্থ (বিণ) ক্ষণিক Momentary.

অচির-দ্যুতি, [প্রভা, রোচিস্] (স্ত্রী) বিদ্যুৎ The lightning.

অচিরস্থায়ী (বিণ) অনিত্য Transient.

অচিরাংশু (পুং) ক্ষণ-প্রভা, তড়িৎ The lightning.

অচিরাৎ [য] (ক্রি ; বিণ) অবিলম্বে Immediately.

অচিরাভা (স্ত্রী) অচির আভা অর্থাৎ বিদ্যুৎ The lightning.

অচিহ্নিত (বিণ) বেদাগ, চিহ্ন রহিত Unspotted, uncovenanted.

অচীর্ণ (বিণ) অখণ্ড Undivided.

অচী-ব্রত (বিণ) ধার্ম্মিক Pious.

অচেতন (বিণ) অজ্ঞান Inanimate.

অচেষ্ট (বিণ) নিঃশ্চেষ্ট, চেষ্টা রহিত Quiet, without exception.

অচ্ছ (বিণ, অ-ছো-ড) নির্ম্মল Clear, transparent. (পুং) ভাঁলুক A bear, স্ফটিক a glass. (বয়) অভিমুখ্য Fronting.

অচ্ছট (বিণ) মলিন, প্রভাহীন Soiled, having no brilliancy.

Actually (akt-u-ally) *ad.* Really প্রকৃতরূপে, যথার্থরূপে।

Actuary (akt-u-ar-re) *n.* A registrar of a court আদালতের ব্যবস্থা ও বিবরণ লেখক।

Actuate (akt-u-et) *v. t.* To put into action কার্য্যে নত করা, বা প্রবৃত্তি জন্মান।

Acuate (ak-qu-et) *v. t.* To make sharp তীক্ষ্ণকরা। [তীক্ষ্ণ।

Aculeate (a-ku-le-et) *a.* Pointed

Acumen (a-ku-men) *n.* Sharp point তীক্ষাগ্র, quickness of perception তীক্ষ্ণতা।

Acuminate (a-ku-mi-net) *v. t.* or *i.* To make sharp শার করা।

Acute (akut) *a.* Sharp তীক্ষ্ণ।

Acute-angle (ak-u-tangle) *n.* Sharp pointed angle সূক্ষ্ম কোণ।

Acutely (ak-ut-le) *ad.* Sharply তীক্ষ্ণতাপূর্ব্বক।

Adacted (a-dak-ted) *p. a.* Moved by force বল দ্বারা চালিত।

Adage (a-dej) *n.* A common saying চলিত কথা, উপমা।

Adagio (ad-aj-eo) *n.* A music in slow time বাদ্যের লঘুতা।

Adamant *n.* Diamond হীরক, loadstone চুম্বকপাথর।

Adamantine (a-da-man-tin) *a.* Made of diamond or loadstone হীরক বা চুম্বক নির্ম্মিত।

Adamic (ad-a-mik) *a.* Belonging to Adam আদম সম্বন্ধীয়।

Adapt (ad-apt) *v. t.* To make suitable ; to fit উপযুক্ত করা।

Adaptable *a.* Suitable উপযুক্ত।

Adaptation(ad-ap-ta-shun)*n.* Fitness উপযুক্ততা।

Add (ad) *v. t.* To join যোগ করা।

Addendum *n.* An appendix, a thing to be added সংযুক্তাংশ।

Adder (ader) *n.* A venomous snake বিষধর সাপ, কেউটে সাপ।

Adder'swort (aderz-wort) *n.* A

তেঁতুল কোন অংশে উপকারী নয়।

আমরুল-গুণ—রুচিকর, ধারক ও আমনাশক এবং অগ্নিবৃদ্ধিকর। আমরুলসংযুক্ত মৎস্যের ব্যঞ্জন গুণ—ইহা দ্বারা আমঘটিত শূল বেদনা বিনষ্ট হয়, প্রিয়, অগ্নিকর ও কফনাশক।

আমলকী-ফল গুণ——আমলকী ফলের তিনটী বিশেষ গুণ আছে, যথা অম্লতা, শীতলতা ও কষায়। অম্লতা দ্বারা বায়ু বিনষ্ট হয়, শীতলতার দ্বারা পিত্ত নষ্ট হয় এবং কষায় বা রুক্ষতা দ্বারা শ্লেষ্মার এককালিন শান্তিহয়। আমলকীফল অম্ল-মধুর রস বিশিষ্ট ; নেত্র রোগীর পক্ষে বিশেষ উপকারী। আমলকী ফল সকল ফলের শ্রেষ্ঠ বলিয়া শারীরিক সমস্ত দোষের শান্তি কারক ; ইহার রসাস্বাদ বহু বিধ—কটু, কষায়, অম্ল, তিক্ত এবং মধুর। আয়ুর্ব্বেদ মতে আমলকী অনেক ঔষধে ব্যবহৃত হইয়া থাকে, ইহাতে সারক গুণ থাকায় জোলাপের কার্য্য করে।

আমলকী-বীজ-শস্য-গুণ—আমলকী ফলের যে গুণ ইহার বীজ-শস্যেও সেই গুণ আছে, কিন্তু

অচ্ছত্র (বিণ) পুত্রবিহীন, অরাজক Without a king; anarchical.
অচ্ছদ (বিণ) খোলা Open.
অচ্ছন্ন (বিণ, নং-ছদ-ক্ত) অনাবৃত Open
অচ্ছ-ভল্ল (পুং) ভাল্লুক A bear.
অচ্ছল (বিণ) সাধু Pious, সরল frank.
অচ্যুত (বিণ,ন-চ্যুৎ-ক্ত) অক্ষয় Everliving. (পুং) নারায়ণ *Vishnu.*
অচ্যুতাগ্রজ (পুং) বলরাম *Balaráma,* The eldest brother of *Krishna.*
অচ্যুত-বাস (পুং) অশ্বত্থবৃক্ষ The banian tree. (*Ficus religiosa.*)
অচ্ছিদ্রাবধারণ (ক্লী) শেষ The end.
অজ (পুং ; অজ-ড ; ন-জ) মেষ A sheep, ধাতু metal, প্রকৃতি nature, দশরথের পিতা the father of *Dasaratha,* ব্রহ্মা *Brahma,* বিষ্ণু *Vishnu,* শিব *Siva,* কন্দর্প *Kama,* ধান্য বিশেষ a kind of rice.
অজকর্ণক (পুং) শালবৃক্ষ *Sal* tree.
অজগব (পুং) শিবধনু The bow of *Siva,* পিনাক the trident.
অজগর (পুং) বৃহৎ সাপ A Boa.
অজগর-ব্রত (বিণ) কুড়ে Idle.
অজ-জীবিক (পুং) ছাগ ও মেষাদি পালক A shepherd, a goat-herd.
অজটা (স্ত্রী) ভূ-আমলকী A plant, (*Flacourtia cataphracta.*)
অজথ্যা (স্ত্রী অজ-থ্যন্) হরিদ্রাবর্ণ চন্দ্রমল্লিকা A plant, Yellow jasmin.
অজননি (পুং) শাপ Privation of birth,—a curse. (বিণ) অনুৎপন্ন Unborn.
অজন্মা (বিণ) জারজ Bastard.
অজন্য (ক্লী) অশুভ লক্ষণ Inauspicious omen.
অজপ (পুং) মেষপালক A shepherd, কুপাঠক a blunderer.
অজপা (স্ত্রী) স্বাভাবিক নিশ্বাস ও প্রশ্বাস দ্বারা জপ A revery or repetition by natural breathing.
অজমীঢ় (পুং, অজ-ইহ-ক্ত) মহারাজ যুধিষ্ঠির *Yudhishthira,* the king of *Hastinapur* or Dehli the friend of *Aja.*

name of a plant called snakeweet, having a supposed virtue in curing the bite of snakes একজাতীয় বিষহর বৃক্ষ।
Addice (a-dise) *n.* An axe কুঠার।
Addict (ad-dikt) *v. t.* To devote আসক্ত হওয়া।
Addicted *a.* Fond of আসক্ত।
Addition (a-dish-un) *n.* Act of adding sums together যোগ,সঙ্কলন।
Additional *a.* Added সংযুক্ত।
Addle (ad-dl) *v. t.* To make corrupt নষ্ট করা।
Addle *a.* Empty শূন্য, corrupt নষ্ট।
Addle-pated *a.* Weak ক্ষীণ।
Address (adress) *v.* A petition নিবেদন পত্র, postcription শিরোনামা।
Address *v. t.* To apply নিবেদন করা।
Adduce (a-duse) *v. t.* To bring in by way of proof প্রমাণ দ্বারা আনা।
Adducible (ad-du-se-bl) *a.* Capable of being adduced প্রমাণ দর্শাইয়া আনিবার যোগ্য।
Ademption (a-dem-shun) *n.* Taking away হরণ।
Adenography (ad-e-nog-ra-phee) *n.* A treaties of glands মাংস গ্রন্থি বিষয়ক বিদ্যা।
Adept (a-dept) *n.* An artist শিল্পী।
Adept (a-dept) *a.* Well-versed পটু।
Adequate (ad-e-kwat) *a.* Equal to তুল্য।
Adequately (ad-e-kwat-le) *ad.* Sufficiently প্রচুররূপে, proportionately উপযুক্তরূপে।
Adhere (ad-here) *v. i.* To stick fast সংলগ্ন হওয়া।
Adherence (ad-her-ens) *a.* Steady attachment সংলগ্নতা।
Adherent *a.* United with সংলগ্ন।
Adherent *n.* A follower অনুগামী।
Adhesion (ad-he-shun) *n.* The force with which something sticked সংযোগশক্তি। [আটাল।
Adhesive (ad-he-siv) *a.* Sticky সংযুক্ত,

বীজ শস্য অতিশয় কষায় ও তীক্ষ্ণ, ভক্ষণ করিলেই মত্ততা জন্মে।

আমলা—আমবাতের পক্ষে উপকারী, কফনাশক, ধাতুপুষ্টিকর ও বলকর। আহারের পূর্ব্বে বা আহারকালে অথবা আহারান্তে আমলা সেবনে ত্রিদোষের শান্তি হয়।

আমানিগুণ—পান্তার বা বাসি আমানির যে কিছু গুণ আছে সমস্তই উপকারী; ইহা অগ্নিকর ও রুচিকর, কৃমি ও পাণ্ডু রোগীর পক্ষে বিশেষ উপকারী; সদ্যজাত আমানির গুণ শীতল, পোষ্টাই ও অগ্নিকর।

আম্রফল গুণ—আম্রফলকে অমৃত ফল কহে। বাস্তবিক আম্র উপাদেয় ফল। কচি আম বায়ু এবং পিত্ত বৃদ্ধিকর। যে আঁবের আঁটি হইয়াছে, সে আঁব ভক্ষণে রুচি বৃদ্ধিকরে। আঁবের আস্বাদ মধুর, শোণিত ও শুক্র বৃদ্ধিকর, কিন্তু পিত্তরোগীর পক্ষে দোষণীয়। পক্ব আম্র অর্থাৎ পাকা আঁব মধুর, গুরুপাক, শুক্রবৃদ্ধিকর, ও বলকর।

আম্রবীজের তৈলগুণ—বাত-শ্লেষ্মা রোগ শান্তিকর; স্বাদ—অল্প-

অজমোদা (স্ত্রী) যোয়ান An Indian spice. (*Carum carui.*)

অণ্ডিত্ত (পুং, ন-অস্ত(দস্ত) ভেক The frog.

অজয় (পুং) পরাভব A defeat, বিখ্যাত নদ বিশেষ a celebrated river in India, বিষ্ণু *Vishnu*, জনৈক অভিধান কর্ত্তা the name of a lexicographer.

অজর (বিণ) সুস্থ Healthy. (পুং) অমর Everliving.

অজ-লম্বন (স্ত্রী) রসাঞ্জন Antimony.

অজস্র (বিণ) নিরন্তর Always.

অজহা (স্ত্রী) ত্যাগ Desertion.

অজা (স্ত্রী) ছাগী A she-goat, স্বভাব nature, আদ্যাশক্তি *Adyásakti*, the motive power, ওষধি বিশেষ a medicinal plant.

অজাগর (পুং) কেশুরলতা, ভৃঙ্গরাজ An Indian creeper. (*Eclipta prostrata.*)

অজাজী (স্ত্রী) জিরা Cumin seed.

অজাজীব (পুং) ছাগ ও মেষোপজীবী A shepherd.

অজাত (বিণ) জন্মরহিত Unborn.

অজাতশত্রু (পুং) রাজা যুধিষ্ঠির *Yudhishthira*, the king of *Hastinapur* or Delhi. (বিণ) শত্রুহীন Having no enemies existent.

অজানয় (পুং) সুজাত ঘোড়া A well-bred horse.

অজানেয় (বিণ) শঙ্কাহীন, নির্ভয় Intrepid, fearless.

অজান্ত্রী (স্ত্রী) শাক বিশেষ A potherb.

অজিঘাংস [সু] (বিণ) অহিংস্রক Harmless.

অজিত (বিণ) অপরাজিত Undeafeated. (পুং) শিব *Siva*, বিষ্ণু *Vishnu*, বুদ্ধ *Buddha*.

অজিতেন্দ্রিয় (বিণ) ইন্দ্রিয়ের বশতাপন্ন Of unconquered passions.

অজিন (ক্লী) চর্ম্ম Hide or skin, মৃগচর্ম্ম the skin of a deer.

অজিন-যোনি (পুং) হরিণ A stag.

অজির (ক্লী) উঠান Court or compound. (পুং) বাতাস Air, ভেক a frog.

অজিহ্ব (বিণ) জিহ্বাহীন Viod of tongue, (পুং) ভেক A frog.

